

কবি সুভাষ মুখোপাধ্যায়ের স্মরণে

চিচরকালের পদাতিক

জোর কদম জোর কদম

একটু জোরে পা চালিয়ে চল ভাই —

সামনে রক্তক্ষরা নদী, বাঁয়ে বক্ষ্যা ভূমি

পেরুলেই সবুজবন।

ও পারে বক্ষুরা সবাই অপেক্ষায় থাকবে।

চলতে চলতে দিশাহীন দিন বদল হাত বদল

অচেনা মানুষ জন অজানা দেশকাল

অস্ত্রহীন পথ ধরে আর এক নদীর সঙ্গে দেখা হল

সে বল্ল, পিছন ফিরে তাকাবার সময় নেই,

আমি এমনি করেই আসি, আর

ওমনি করেই যাই।

আর চলতে চলতে মঞ্জুরিত এ প্রানে

না ফুটুক ফুল

আজ বসন্ত

মিছিলে মিছিলে পায়ে পায়ে

আমরা চলেছি কবিতার দেশে

রূপনগরের ঘাটে ঘাটে,

এ দেশে বিষাদে মলিন, খরায় কাটে দিন

দৃষ্টিহীন তবু কান্নায় ভাঙে বুক,

আর একটু জোরে পা চালিয়ে চল ভাই

আমরা চলেছি চির সবুজের দেশে

বিশ্বজিৎ